



# জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারী কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৫

(জাতীয় বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ এর ২৪ (ঢ) ও ২৬ (ত) ধারা এবং আইনের তফসীলের ২নং সংবিধি অনুযায়ী প্রণীত রেগুলেশন)

### ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ

- (১) এই রেগুলেশন 'বেসরকারী কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন', ২০১৫ নামে অভিহিত হইবে।
- (২) এই রেগুলেশন অবিলম্বে কার্যকরী হইবে।

### ২। সংজ্ঞা : বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই রেগুলেশনে

- (ক) "কলেজ" অর্থ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি বেসরকারী কলেজ;
- (খ) "গভর্ণিং বডি" অর্থ একটি কলেজের গভর্ণিং বডি যাহা বিশ্ববিদ্যালয়ের ৩নং সংবিধি অনুসারে গঠিত ও নিয়ন্ত্রিত;
- (গ) "অধ্যক্ষ" অর্থ একটি কলেজের প্রধান একাডেমিক ও নির্বাহী কর্মকর্তা;
- (ঘ) "উপাধ্যক্ষ" অর্থ কলেজের উপাধ্যক্ষ;
- (ঙ) "শিক্ষক" অর্থ কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ স্থায়ী বা অস্থায়ী শিক্ষক। কলেজের গ্রন্থাগারিক, প্রদর্শক ও শরীরচর্চা শিক্ষকও শিক্ষক বলিয়া গণ্য হইবেন;
- (চ) "খন্ডকালীন শিক্ষক" অর্থ নিয়োগপত্রে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে খন্ডকালীন শিক্ষকতার কাজে নিযুক্ত ব্যক্তি। এই রেগুলেশনে বর্ণিত শিক্ষকদের চাকুরীর শর্তাবলী বিশেষভাবে উল্লিখিত না হইলে ইহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না;
- (ছ) "বিশ্ববিদ্যালয়" অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়।

### ৩। শিক্ষকদের শ্রেণী বিভাগ

- (ক) একটি কলেজে অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক, প্রদর্শক, শরীর চর্চা শিক্ষক ও গ্রন্থাগারিক থাকিবে। কোন কলেজে একাধিক শিফট থাকিলে বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমোদনক্রমে একাধিক উপাধ্যক্ষ নিয়োগ করা হইবে;

- খ) অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/প্রভাষক এর পদ সৃষ্টি করিতে হইলে সংশ্লিষ্ট কলেজের গভর্ণিং বডির সিদ্ধান্তক্রমে সৃষ্টি করিতে পারিবে। পদ সৃষ্টির পর গভর্ণিং বডির রেগুলেশনসহ বিষয়টি জাতীয় বিশ্ববিদ্যালয়কে অবহিত করিতে হইবে।

উক্ত পদ সমূহের বিপরীতে নিয়োগের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বিধি অনুসরণ করিতে হইবে।

- গ) শূন্য পদ না থাকিলে কোন ব্যক্তিকে নিয়োগদান করা যাইবে না। তবে সংশ্লিষ্ট কলেজের গভর্ণিং বডির সিদ্ধান্তে সৃষ্ট পদে নিয়োগদান করা যাইবে।

- ঘ) একটি কলেজে কর্মরত কোন ব্যক্তি অপর একটি কলেজে শিক্ষক হিসাবে নিযুক্তির জন্য নির্বাচিত হইলে নতুন কলেজে যোগদানের পূর্বে যে কলেজে তিনি কর্মরত সেই কলেজ হইতে এই মর্মে একটি ছাড়পত্র সংগ্রহ করিতে হইবে যে তাঁর নিকট সাবেক কলেজের কোন পাওনা নাই এবং তাঁহার ঐ কলেজ ত্যাগে তাঁহাদের কোন আপত্তি নাই।

